ভূমিকা

এই দ্বিতীয় খণ্ডে প্রায় সকল বিষয় নূতন লেখা হইল। যে২ বস্তু বালকগণের সর্ব্বাগ্রে জ্ঞাত কর্ত্তব্য তাহা প্রায় সকলি সংগ্রহ হইয়াছে। বালকদিগকে প্রথমে নীতি শিক্ষা দেওয়া যুক্তি যুক্ত নহে, যেহেতু তাহারদিগের ধর্ম্মাধর্ম্ম জ্ঞান আদৌ হইবার কোন সম্ভাবনা নাই। যে সকল দ্রব্যাদি সর্ব্বদা নিরীক্ষণ করিতে পায় সেই সকল বস্তু অগ্রে জানিলে পশ্চাৎ পাঠের অর্থ অনায়াসে গ্রহণে সমর্থ হইবে। এক২ শব্দের মত বাক্য [illegible] তাৎপর্য্য [illegible] এই সকলের কিয়দংশ স্মরণ রাখিতে পারে তাহা হইলে ভবিষ্যতে যে প্রচুর ফল প্রাপ্ত হইবে তাহার সন্দেহ নাই। প্রথম ভাগে অনেক বর্ণাশুদ্ধ আছে এবং এই খণ্ডেও যে ন্যায়ানুযায়ে উৎকৃষ্ট হইবে তাহার প্রত্যাশা নাই তবে বিজ্ঞবর বিদ্যোৎসাহি মহোদয়গণ স্ব২ মহত্ত্বানুসারে দোষ পরিত্যাগ পূর্ব্বক গুণ গ্রহণে ত্রুটি করিবেন না ইতি।

[illegible] জিলাহর [illegible]
মাঘ সন ১২৬২ } শ্রীউমাচরণ চট্টোপাধ্যায়।